



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd



স্মারক: বিএসি/প্রশাসন/উদ্ভাবন/২০২১/৫৩৩৭

তারিখ: ১০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
২৩ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ


সভার নোটিশ

কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ইনোভেশন টিমের ৩য় সভা কাউন্সিলের কিউএ ও এনকিউএফ বিভাগের পরিচালক এবং ইনোভেশন অফিসার জনাব মোহাম্মদ তাজিব উদ্দিনের সভাপতিত্বে কাউন্সিলের সভা কক্ষে আগামী ২৯.০৩.২০২২ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

২. উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি

১. ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
২. ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের নতুন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৩. ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের একটি সেবা সহজিকরণের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৪. ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের একটি সেবা ডিজিটাইজেশন এর অগ্রগতি পর্যালোচনা;
৫. ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন;
৬. কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন;
৭. বিবিধ।



(মোঃ আরাফাত হোসেন)

সহকারী পরিচালক

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতারক্রম অনুযায়ী নয়)

০১. সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০২. পরিচালক (কিউএ ও এনকিউএফ বিভাগ), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৩. উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা শাখা), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
০৪. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), বিএসি, ঢাকা;
০৫. মো: আবু সাঈদ, ব্যক্তিগত কর্মকর্তা (আপ্যায়নের ব্যবস্থা গ্রহণের জন্য), বিএসি, ঢাকা;
০৬. মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা;
০৭. অফিস কপি/কাউন্সিলের ওয়েবসাইট।



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd



সভার হাজিরা সিট

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার ৩য় সভা

তারিখ: ২৯.০৩.২০২২ খ্রি.

স্থান: কাউন্সিল সভা কক্ষ

সময়: বিকাল ৪.০০ ঘটিকা

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	মোবাইল নং	স্বাক্ষর
১.	মোহাম্মদ তাজিব উদ্দিন পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭৪৭৭৩২৪২৭	 ২৯/৩/২২
২.	মোহাম্মদ আবদুল আলীম উপপরিচালক বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭১৫-১৭৫১৭৭	 ২৯/৩/২২
৩.	মো: আরাফাত হোসেন সহকারী পরিচালক বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭২৫-১৫৭৪৫৪	 ২৯/৩/২২
৪.	মোস্তুফা জহির উদ্দিন প্রশাসনিক কর্মকর্তা বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল	০১৭৪০২১১২৬৭	 ২৯.০৩.২২

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিল্টো রোড, রমনা, ঢাকা-১০০০

বিষয়: ২৯ মার্চ, ২০২২ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) এর ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন
পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

সভার তারিখ : ২৯.০৩.২০২২ খ্রি:

সভার সময় : বিকাল ৪.০০ ঘটিকা

উপস্থিতি : জনাব মোহাম্মদ আবদুল আলীম, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা শাখা), বিএসি, ঢাকা
জনাব মো: আরাফাত হোসেন, সহকারী পরিচালক(অর্থ ও পরিকল্পনা শাখা), বিএসি, ঢাকা
জনাব মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ) জনাব মোহাম্মদ তাজিব উদ্দিন এর সভাপতিত্বে বিএসি'র ইনোভেশন টিমের ৩য় সভা ২৯ মার্চ, ২০২২ খ্রি. তারিখে কাউন্সিলের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ করলে ইনোভেশন টিমের সদস্য সচিব সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

আলোচ্যসূচি-১। ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

উপস্থাপনা: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য উপস্থাপন করা হলো।

আলোচনা: সভায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে টিমের সদস্যগণ কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত: কাউন্সিলের ২০২১-২২ অর্থবছরে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখা হবে।

আলোচ্যসূচি-২। ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের নতুন একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

উপস্থাপনা: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য উপস্থাপন করা হলো।

আলোচনা: উচ্চ শিক্ষার মানোন্নয়ন ও অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল দেশব্যাপী বিস্তৃত প্রায় ৩৭০০ টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের অ্যাক্রেডিটেশন ও বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক (বিএনকিউএফ) বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত। উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের কোয়ালিটি নিশ্চিতকরণে ইতোমধ্যে ১১০ টি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে Institutional Quality Assurance Cell (IQAC) প্রতিষ্ঠা করা হয়েছে। বিএসি'র নিয়মিত প্রশিক্ষণ, কর্মশালাসহ প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে উক্ত সেলের পরিচালক, অতিরিক্ত পরিচালকগণের তথ্যাদি সবসময় হালনাগাদ রাখা প্রয়োজন। এ তথ্যাবলি সংগ্রহের জন্য গুগল ফরম ব্যবহার করে একটি ফরমেট তৈরি করা হয়েছে। তৈরিকৃত ফরমের লিংক কাউন্সিলের ওয়েবসাইটে সংযুক্ত করা হয়েছে। এ লিংকের মাধ্যমে ফরমটি ব্যবহার করে IQAC এর তথ্যাবলি হালনাগাদ করা সম্ভব। এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সভায় সকলে সন্তোষ প্রকাশ করেন।

সিদ্ধান্ত: কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত ইনোভেশন আইডিয়া অনুযায়ী IQAC এর তথ্য সংগ্রহ অব্যাহত রাখা হবে।

স্বাক্ষর

আলোচ্যসূচি-৩। ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের একটি সেবা সহজীকরণের অগ্রগতি পর্যালোচনা;

উপস্থাপনা: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের সেবা সহজীকরণের অগ্রগতি পর্যালোচনার জন্য উপস্থাপন করা হলো।

আলোচনা: উচ্চ শিক্ষার মানোন্নয়ন ও অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল নিয়মিতভাবে সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণ আয়োজন করছে। বিএসি'র এই সকল সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের ভাতা/সম্মানী স্ব-স্ব অংশগ্রহণকারীকে চেকের মাধ্যমে প্রদান করা হতো। প্রক্রিয়াটি জটিল, সময় সাপেক্ষ, ব্যয়বহুল ও যাতায়াত নির্ভর ছিল। উক্ত ভাতা/সম্মানী ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে অংশগ্রহণকারীদের নিজ ব্যাংক হিসাবে আরও সহজ, নির্ভুল এবং দ্রুততার সাথে প্রদান করার জন্য ইনোভেশন টিমের ১ম সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী বিএসি কর্তৃক আয়োজিত সভা/ওয়ার্কশপ/প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের ভাতা/সম্মানী পরীক্ষামূলকভাবে EFT পদ্ধতিতে প্রদান করা হয়। উক্ত পদ্ধতি চালুকরণে কোন ধরনের ত্রুটি পরিলক্ষিত না হওয়ায় যথাসময়ে সহজীকৃত সেবাটি টিসিভিসহ কর্তৃপক্ষের অনুমোদনপূর্বক অফিস আদেশ জারি করা হয় মর্মে সভায় অবহিত করা হয়। এ পদ্ধতিতে ব্যবহার করে যথাসময়ে অর্থ প্রেরণ করা সম্ভব হওয়া সেবাটির বিষয়ে সভায় উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন।

সিদ্ধান্ত: ভাতা/সম্মানী পরিশোধের জন্য ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (EFT) পদ্ধতিতে সহজীকৃত করার প্রক্রিয়া চূড়ান্ত করা হলো।

আলোচ্যসূচি-৪। ২০২১-২২ অর্থ বছরের কাউন্সিলের একটি সেবা ডিজিটাইজেশন এর অগ্রগতি পর্যালোচনা;

উপস্থাপনা: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের একটি সেবা ডিজিটাইজেশন এর অগ্রগতি পর্যালোচনার জন্য উপস্থাপন করা হলো।

আলোচনা: কাউন্সিলের ইনোভেশন টিমের ১ম সভায় অ্যাক্রেডিটেশনের আবেদন প্রক্রিয়া ডিজিটালি সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী অ্যাক্রেডিটেশনের আবেদন প্রক্রিয়া ডিজিটাইজড করা হয়েছে এবং কাউন্সিলের ওয়েবসাইটে লিংক আকারে সংযুক্ত করা হয়েছে। ডিজিটাইজডকৃত সেবাটি যথাযথ আছে মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন। তবে অ্যাক্রেডিটেশন বিধিমালা অনুমোদিত হলে তা ব্যবহার করা সম্ভব হবে মর্মে সভায় অভিহিত করা হয়।

সিদ্ধান্ত: অ্যাক্রেডিটেশনের জন্য ডিজিটাল পদ্ধতিতে আবেদন করার গ্রহণ যথাযথ আছে। সেবাটি বিষয়ে আরো উন্নত করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

আলোচ্যসূচি-৫। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন;

উপস্থাপনা: বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২১-২২ অর্থ বছরের ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের অগ্রগতি পর্যালোচনার জন্য উপস্থাপন করা হলো।

আলোচনা: বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অনুষদের ডিন, ইনস্টিটিউটের চেয়ারম্যান, আইকিউএসি সেলের পরিচালক/অতিরিক্ত পরিচালক ও বিভাগীয় প্রধানদের ৪টি ভাগে বিভক্ত করে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের উচ্চ শিক্ষা” শিরোনামে ৪টি কর্মশালা/সভা আয়োজনের বিষয়ে সভা ঐক্যমতে পৌঁছায়। সে অনুযায়ী ১টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বর্তমানে কাউন্সিলের অফিস স্থানান্তর ও করোনার কারণে জানুয়ারি-মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত কর্মশালা আয়োজন করা সম্ভব হয়নি মর্মে সভায় অবহিত করা হয়। সভা পরবর্তীতে এপ্রিল, ২০২২ হতে কর্মশালা/সভা আয়োজন করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত: এপ্রিল, ২০২২ হতে “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আমাদের উচ্চ শিক্ষা” শিরোনামে অবশিষ্ট ৩টি কর্মশালা/সভা আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

স্বাক্ষর


আলোচ্যসূচি-৬। কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন;

২.৫। উপস্থাপনা: কাউন্সিলের তথ্য বাতায়ন হালনাগাদকরনের বিষয়ে সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

আলোচনা: কাউন্সিলের ইনোভেশন টিমের ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এপ্রিল, ২০২২ হতে বাকি ২টি প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।

সিদ্ধান্ত: আগামী এপ্রিল, ২০২২ হতে অবশিষ্ট ২টি প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ তাজিব উদ্দিন)

পরিচালক (কিউএ এন্ড এনকিউএফ)

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। সচিব, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।

২। জনাব মোহাম্মদ আবদুল আলীম, উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা শাখা), বিএসি, ঢাকা

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যানের অবগতির জন্য), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।

৪। জনাব মো: আরাফাত হোসেন, সহকারী পরিচালক, বিএসি, ঢাকা

৫। জনাব মোস্তফা জহির উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, বিএসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৬। অফিস কপি।